দেশকে জানুন

কালিদাস চন্দ্র

শৈব্যা গ্রন্থন বিভাগ
৮/১এ, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা—৭০০ ০৭৩

বয়স্ক শিক্ষা ও ব্যবহারিক শিক্ষার মান অনুসারে লিখিত

দেশকে জানুন

কালিদাস চন্দ্র

শৈব্যা গ্রন্থন বিভাগ
৮/১এ, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা—৭০০ ০৭৩

প্রকাশক :
দুলাল বল
শৈব্যা গ্রন্থন বিভাগ
৮/১এ, শ্যামাচরণ দে স্ট্রীট
কলিকাতা-৭০০ ০৭৩

মূল্য : দশ টাকা

মুদ্রাকর :
লীলা ঘোষ
তাপসী প্রিন্টার্স
৬, শিবু বিশ্বাস লেন
কলিকাতা-৭০০ ০০৬

সূচীপত্র

প্রথম অধ্যায় ঃ ভারতের কথা

পাঠ ঃ এক ॥ ● প্রাচীন পর্যটকদের বিবরণে ভারতের সম্পদের কথা ● পৃথিবীর মধ্যে ভারতের অবস্থান ও দেশের চারিপাশ

১। আমরা কোন দেশের অধিবাসী ?

উঃ ভারত।

২। পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় মহাদেশ কোন্‌টি ?

উঃ এশিয়া।

৩। এশিয়ার কোন্ দিকে ভারত অবস্থিত ?

উঃ দক্ষিণে।

৪। ভারতকে উপমহাদেশ বলা হয় কেন ?

উঃ বিশাল ও বৈচিত্র্যপূর্ণ দেশ বলে।

৫। দেশ বিদেশ থেকে বিভিন্ন রাজারা কিসের আকর্ষণে মাঝে মধ্যেই এদেশে ছুটে এসেছেন ?

উঃ প্রাচুর্যের আকর্ষণে।

৬। কোন্ পর্যটক সর্বপ্রথম ভারতে আসেন ?

উঃ মেগাস্থিনিস।

৭। কোন্ সম্রাট সেই সময় ভারতে রাজত্ব করছিলেন ?

উঃ মৌর্যসম্রাট চন্দ্রগুপ্ত।

৮। কোথায় তাঁর রাজধানী ছিল ?

উঃ পাটলিপুত্র।

৯। মেগাস্থিনিস কোন পথে ভারতে আসেন ?

উঃ উত্তর-পশ্চিম দিক দিয়ে সড়কপথে।

১০। ভারত সম্পর্কে মেগাস্থিনিস রচিত বইটির নাম কী ?

উঃ ইণ্ডিকা।

১১। মেগাস্থিনিসের গ্রন্থে ভারতের কোন্ দুটি বড় নদীর উল্লেখ পাওয়া যায় ?

উঃ গঙ্গা ও সিন্ধু।

১২। ফা-হিয়েন কোন্ দেশের লোক ছিলেন ?

উঃ চীনদেশ।

১৩। মেগাস্থিনিসের কত বছর পর তিনি ভারতে আসেন ?

উঃ সাতশ বছর।

১৪। ফা-হিয়েন যখন ভারতে আসেন তখন ভারতের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন কে ?

উঃ দ্বিতীয় চন্দ্রগুপ্ত বা বিক্রমাদিত্য।

১৫। ফা-হিয়েন রচিত পুস্তকটির নাম কী ?

উঃ বৌদ্ধ রাজ্যসমূহের বিবরণ।

১৬। দ্বিতীয় চন্দ্রগুপ্তের আমলে রাজধানী ক'টি ছিল এবং কোথায় কোথায় অবস্থিত ছিল ?

উঃ দুটি—পাটলিপুত্র এবং উজ্জয়িনী।

১৭। তিনি কোন্ বন্দর থেকে সিংহলের দিকে সমুদ্রযাত্রা করেন ?

উঃ মেদিনীপুরের তাম্রলিপ্ত বা তমলুক।

১৮। কোন্ ভাষা ঐ যুগে রাজভাষার মর্যাদা লাভ করে ?

উঃ সংস্কৃত ভাষা।

১৯। আর্যভট্ট কী আবিষ্কার করেন ?

উঃ পৃথিবী তার মেরুরেখার চারদিকে ঘুরছে এবং পৃথিবীর আবর্তনের জন্য দিন-রাত্রি সংঘটিত হচ্ছে।

২০। 'সূর্যসিদ্ধান্ত' বইটি কার রচনা ?

উঃ বরাহমিহির।

২১। ফা-হিয়েনের কত বছর পর হিউয়েন সাঙ এদেশে আসেন ?

উঃ দুশো বছর।

২২। কোন্ গ্রন্থে তিনি তাঁর ভ্রমণ কাহিনী লিপিবদ্ধ করেন ?

উঃ পশ্চিম দেশের বৃত্তান্ত গ্রন্থে।

২৩। হিউয়েন সাঙ কে ছিলেন ?

উঃ বৌদ্ধ ভিক্ষু।

২৪। মেগাস্থিনিস ও ফা-হিয়েনের বিবরণ মূলতঃ ভারতের কোন্ অংশের উপর ছিল ?

উঃ উত্তর ভারত সম্বন্ধে।

২৫। ভারতের বৌদ্ধবিহার ও তীর্থস্থানগুলির অবস্থান জানা যায় কার বিবরণী থেকে ?

উঃ হিউয়েন সাঙ।

২৬। কার আগ্রহে রাজা হর্ষবর্ধন ও চীন সম্রাটের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপন ও দূত বিনিময় সম্ভব হয়েছিল ?

উঃ হিউয়েন সাঙ।

২৭। অল্-বিরুনীর আদি বাসস্থান কোথায় ছিল ?

উঃ মধ্য এশিয়া।

২৮। কোন্ পর্যটক উত্তর ভারতের বিশাল সমভূমির গঠন সম্বন্ধে সুচিন্তিত মতামত রাখেন ?

উঃ আবুরৈহান বা অল্-বিরুনী।

২৯। অল্-বিরুণীর মতে বর্তমান উত্তর ভারতের জায়গায় আগে কী ছিল ?

উঃ একটি বিশাল সমুদ্র।

৩০। উত্তর ভারতের সমভূমির জন্ম হয়েছে কী ভাবে ?

উঃ উত্তরের হিমালয় পর্বত থেকে উৎপন্ন নদীগুলির পলি ভরাট হয়ে।

৩১। পৃথিবীকে উত্তর ও দক্ষিণ এই দুটি গোলার্ধে বিভক্ত করেছে কোন্ রেখা ?

উঃ নিরক্ষরেখা বা বিষুবরেখা।

৩২। নিরক্ষরেখা বা বিষুবরেখা কোন্ দিকে বিস্তৃত ?

উঃ পূর্ব-পশ্চিমে।

৩৩। কোন্ রেখা পৃথিবীকে পূর্ব ও পশ্চিম দুটি অংশে ভাগ করেছে ?

উঃ মূল মধ্য রেখা।

৩৪। মূলমধ্যরেখা কোন্ দিকে প্রসারিত ?

উঃ উত্তর-দক্ষিণে।

৩৫। মূল মধ্যরেখা নিরক্ষরেখার উপর কেমন ভাবে অবস্থান করছে ?

উঃ লম্বভাবে।

৩৬। ভারত কোন্ গোলার্ধে অবস্থিত ?

উঃ উত্তর গোলার্ধে।

৩৭। স্থলপথে ও জলপথে অতিপ্রাচীনকাল থেকেই বিভিন্ন দেশের সঙ্গে ভারতের নিবিড় যোগাযোগ গড়ে উঠেছে কেন ?

উঃ সুবিধাজনক ভৌগোলিক অবস্থান ও তিন দিকে সমুদ্রবেষ্টিত থাকায়।

মূল্যায়ন—এক পূর্ণমান—২০ সময়—২০ মিনিট

[১] বন্ধনীর মধ্য থেকে খুঁজে নিয়ে সঠিক উত্তরটি লেখ। ১×৫=৫

(ক) কোন্ পর্যটক মৌর্যসম্রাট চন্দ্রগুপ্তের সময়ে ভারতে আসেন? ....
(অল্-বিরুণী, ফা-হিয়েন, মেগাস্থিনিস, হিউয়েন সাঙ)

(খ) 'বৌদ্ধ রাজ্য সমূহের বিবরণ' গ্রন্থটি কার লেখা? ....
(হিউয়েন সাঙ, মেগাস্থিনিস, অল্-বিরুণী)

(গ) কোন্ পর্যটকের আদি বাসস্থান ছিল মধ্য এশিয়ায়? ....
(মেগাস্থিনিস, অল্-বিরুনী, হিউয়েন সাঙ, ফা-হিয়েন)

(ঘ) জ্যোতিষ বিজ্ঞান সম্পর্কিত নানান বিবরণ আছে কার রচিত পুস্তকে? ....
(ফা-হিয়েন, অল্-বিরুণী, মেগাস্থিনিস, হিউয়েন সাঙ)

(ঙ) বর্তমান উত্তর ভারতের জায়গায় আগে একটি বিশাল সমুদ্র ছিল—একথা বলেন কোন্ পর্যটক? ....
(ফা-হিয়েন, অল্-বিরুণী, মেগাস্থিনিস, হিউয়েন সাঙ)

[২] শূন্যস্থান পূরণ কর: ১×৫=৫

(ক) পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় মহাদেশ ——————————।

(খ) —————————— রেখার পূর্বদিকের অংশকে পূর্ব গোলার্ধ বলে।

(গ) ভারতের দক্ষিণে —————————— মহাসাগর অবস্থিত।

(ঘ) —————————— রেখা পূর্ব-পশ্চিমে বিস্তৃত।

(ঙ) নেপাল ভারতের —————————— সীমায় অবস্থিত।

[৩] সংক্ষেপে উত্তর দাও: ১×৫=৫

(ক) মেগাস্থিনিসের গ্রন্থে ভারতের কোন্ কোন্ কৃষিজ ফসলের উল্লেখ আছে?

উঃ ....
....
....

(খ) বরাহমিহির কোন্ বিষয়ে সুপণ্ডিত ছিলেন ?

উঃ ....

(গ) হিউয়েন সাঙ ভারতের কোন্ কোন্ অঞ্চল পরিভ্রমণ করেন ?

উঃ ....

....

(ঘ) একাদশ শতাব্দীতে গজনীর সুলতান মামুদের সময় ভারতে আসেন কোন্ পর্যটক ?

উঃ ....

....

(ঙ) গণিত শাস্ত্রের ১ থেকে ৯ পর্যন্ত সংখ্যা ও শূন্য তত্ত্ব কোন্ সময়ের আবিষ্কার ?

উঃ ....

....

[৪] প্রতিবেশী রাষ্ট্রগুলি ভারতের কোন্ দিকে অবস্থিত ? দিক নির্দেশ করে নিচের ছকটি পূরণ কর ঃ ১×৫=৫

প্রতিবেশী রাষ্ট্র সমূহ	ভারতের কোন্ দিকে অবস্হিত ?
(ক) চীন	
(খ) শ্রীলঙ্কা	
(গ) আফগানিস্তান	
(ঘ) বাংলাদেশ	
(ঙ) ভুটান	

প্রাপ্ত নম্বর [ ]

শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর... ....

তারিখ..

মূল্যায়ন—দুই পূর্ণমান—২০ সময়—২০ মিনিট

[১] বন্ধনীর মধ্য থেকে খুঁজে নিয়ে সঠিক উত্তরটি লেখ। ১×৫=৫

(ক) ফা-হিয়েন রচিত গ্রন্থ কোন্‌টি? ....

(পশ্চিম দেশের বৃত্তান্ত, বৌদ্ধরাজ্য সমূহের বিবরণ, ইন্ডিকা,)

(খ) 'সূর্য সিদ্ধান্ত' বইটি কার রচনা? ....

(বরাহমিহির, আর্যভট্ট, কালিদাস, আবুরৈহান)

(গ) হিউয়েন সাঙ কার রাজত্বকালে ভারতে আসেন? ....

(হর্ষবর্ধন, সুলতান মামুদ, বিক্রমাদিত্য, চন্দ্রগুপ্ত)

(ঘ) পৃথিবী তার মেরুরেখার চারদিকে ঘুরছে এবং পৃথিবীর আবর্তনের জন্য দিন-রাত্রি সংঘটিত হচ্ছে—এ সত্য আবিষ্কার করেন কে? ....

(আর্যভট্ট, বরাহমিহির, কালিদাস, মেগাস্থিনিস)

(ঙ) 'ইন্ডিকা' বইতে ভারতের বড় বড় কোন্‌ দুটি নদীর উল্লেখ আছে? ....

(সিন্ধু ও ব্রহ্মপুত্র, নর্মদা ও তাপী, গোদাবরী ও কাবেরী, গঙ্গা ও সিন্ধু)

[২] এক কথায় উত্তর দাও : ১×৫=৫

(ক) এশিয়া মহাদেশের কোন্‌ দিকে ভারত অবস্থিত? ....

(খ) কোন্‌ রেখা পৃথিবীকে উত্তর ও দক্ষিণ এই দুই গোলার্ধে ভাগ করেছে? ....

(গ) ভারতের পূর্বে অবস্থিত সাগর কোন্‌টি? ....

(ঘ) আরব সাগর ভারতের কোন্‌ দিকে অবস্থিত? ....

(ঙ) গুপ্তযুগে কোন্‌ ভাষা রাজভাষার মর্যাদা লাভ করে? ....

[৩] সংক্ষেপে উত্তর দাও : ১×৫=৫

(ক) গুপ্তযুগে রচিত দুটি মহাগ্রন্থের নাম কর।

উঃ ....

....

(খ) ফা-হিয়েনের এদেশে আসার মুখ্য উদ্দেশ্য কী ছিল ?

উঃ ....

....

(গ) মেগাস্থিনিসের গ্রন্থে ভারতের কোন্ কোন্ কৃষিজ ফসলের উল্লেখ আছে ?

উঃ ....

....

(ঘ) নালন্দা বিশ্ববিদ্যালয় কোন্ সময়ের সৃষ্টি ?

....


....

(ঙ) মূল মধ্যরেখা কোন্ দিকে প্রসারিত ?

উঃ ....

....

[৪] কোন্‌টি কোন দেশ। মানচিত্র দেখে উত্তর দাও। ১×৫=৫



মানচিত্রে প্রদর্শিত প্রত্যেক দেশের একটি করে নম্বর আছে। কোন্‌টি কোন্ দেশ বল।

[১] ....

[২] ....

[৩] ....

[৪] ....

[৫] ....

প্রাপ্ত নম্বর

শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর....................

তারিখ....................

পাঠ ঃ দুই ॥ ● ভারতের প্রাকৃতিক গঠন

পর্বত, মালভূমি, সমভূমি ও মরুভূমি

১। ভারতের প্রথম নভোচারীর নাম কী ?

উঃ রাকেশ শর্মা।

২। কোন্ পর্বতগ্রন্থি থেকে হিমালয় পর্বতশ্রেণী প্রসারিত ?

উঃ পামীর গ্রন্থি।

৩। পামীর গ্রন্থি কোথায় অবস্থিত ?

উঃ ভারতের উত্তর পশ্চিমে।

৪। হিমালয়ের দৈর্ঘ্য কত ?

উঃ প্রায় ২৫০০ কিমি.।

৫। এই পর্বতমালার কোন্ দিক যথেষ্ট চওড়া ?

উঃ পশ্চিম দিক।

৬। হিমালয় ক'টি সমান্তরাল পর্বতশ্রেণী নিয়ে গঠিত ?

উঃ তিনটি।

৭। হিমালয়ের সর্ব দক্ষিণের শ্রেণীটির নাম কী ?

উঃ নিম্নহিমালয় বা অবহিমালয় বা শিবালিক।

৮। এর উচ্চতা কত ?

উঃ ৬০০—১৫০০ মিটার।

৯। হিমালয়ের সর্বোচ্চ শ্রেণীটির নাম কী ?

উঃ প্রধান হিমালয় বা হিমাদ্রি বা হিমগিরি।

১০। এর উচ্চতা কত ?

উঃ প্রায় ৬০০০ মিটার।

১১। ভারতের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী ?

উঃ গডউইন অস্টিন বা K_2।

১২। অবহিমালয় ও হিমাদ্রির মধ্যবর্তী পর্বতশ্রেণীটির নাম কী ?

উঃ মধ্যহিমালয় বা হিমাচল।

১৩। মধ্য হিমালয়ের গড় উচ্চতা কত ?

উঃ ৫০০০ মিটার।

১৪। পৃথিবীর তৃতীয় উচ্চতম শৃঙ্গের নাম কী ? এর উচ্চতা কত ?

উঃ কাঞ্চনজঙ্ঘা। ৮৫৯৮ মিটার।

১৫। হিমালয়ে অবস্থিত দুটি তীর্থক্ষেত্রের নাম কর।
উঃ বদ্রীনাথ ও কেদারনাথ।
১৬। কোন্ সময়ে হিমালয়ের গিরিপথগুলি লোক চলাচলের যোগ্য ?
উঃ জুন থেকে অক্টোবর পর্যন্ত।
১৭। হিমালয়ের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত পর্বতশ্রেণীগুলির নাম কর।
উঃ হিন্দুকুশ, সুলেমান ও খিরথর।
১৮। কোন্ কোন্ পাহাড় পর্বত ভারতকে ব্রহ্মদেশ থেকে আলাদা করেছে ?
উঃ পাটকই, নাগা, মিকির, বরাইল, লুসাই, মিজো, আরাকানইয়োমা।
১৯। পার্বত্য অঞ্চলে জনবসতি খুবই কম হবার কারণ কী ?
উঃ যাতায়াত ব্যবস্থা অনুন্নত, জীবনযাত্রাও কষ্টকর, চাষবাসও অসুবিধাজনক।
২০। উত্তরে হিমালয় ও দক্ষিণে মালভূমি অঞ্চলের মধ্যে কোন্ অঞ্চল অবস্থিত ?
উঃ উত্তর ভারতের সমভূমি।
২১। এই সমভূমি কীভাবে গড়ে উঠেছে ?
উঃ সিন্ধু, গঙ্গা ও ব্রহ্মপুত্র এবং এদের অসংখ্য উপনদী বাহিত পলি দিয়ে।
২২। সিন্ধুর সমভূমি কোন্ দিকে ঢালু।
উঃ দক্ষিণ-পশ্চিমে।
২৩। গঙ্গার সমভূমি কোন্ দিকে ঢালু।
উঃ দক্ষিণ-পূর্বে।
২৪। মরু অঞ্চলের গাছপালার বৈশিষ্ট্য কী ?
উঃ আকারে ছোট, গায়ে কাঁটা এবং পাতা ও বাকলগুলি পুরু। শিকড় মাটির গভীরে প্রবেশ করে।
২৫। মালবের মালভূমি কোথায় অবস্থিত ?
উঃ মধ্য ভারতের মালভূমির পশ্চিমদিকে।
২৬। মধ্য ভারতের মালভূমির পূর্বদিকে কোন্ মালভূমি অবস্থিত ?
উঃ ছোটনাগপুর মালভূমি।
২৭। পৃথিবীর প্রাচীনতম দুটি পর্বতের নাম কর।
উঃ আরাবল্লী এবং বিন্ধ্য পর্বত।
২৮। পশ্চিমঘাট পর্বতের অপর নাম কী ?
উঃ সহ্যাদ্রি।
২৯। এই পর্বতের অবস্থান কোথায় ?
উঃ দাক্ষিণাত্য মালভূমির পশ্চিমে।

৩০। পূর্বঘাট পর্বতমালা অপর কী নামে পরিচিত ?
উঃ মহেন্দ্রগিরি পর্বতমালা।
৩১। পশ্চিমঘাট এবং পূর্বঘাট পর্বতমালা দক্ষিণ দিকে কোথায় মিশেছে ?
উঃ নীলগিরি পর্বতে।
৩২। নীলগিরি পর্বতের সবচেয়ে উচ্চ শৃঙ্গের নাম কী ?
উঃ দোদাবেতা।
৩৩। নীলগিরির দক্ষিণে কোন্ কোন্ পাহাড় অবস্থিত ?
উঃ আন্নামালাই, পালনি ও কার্ডামাম পাহাড়।
৩৪। দক্ষিণাত্যের অধিকাংশ নদী কোন্ দিকে প্রবাহিত এবং কেন ?
উঃ পূর্বদিকে। দক্ষিণাত্যের মালভূমি পূর্বদিকে ঢালু।
৩৫। লুনী নদী কোথায় পড়েছে ?
উঃ কচ্ছের রণ।
৩৬। দাক্ষিণাত্যের পশ্চিম বাহিনী নদীগুলির নাম কর।
উঃ নর্মদা, তাপি, মাহী, সবরমতী।
৩৭। কোন্ কোন্ প্রাকৃতিক শক্তির প্রভাবে দাক্ষিণাত্যের মালভূমিটি ক্ষয়প্রাপ্ত হয়েছে?
উঃ। রোদ, বৃষ্টি, বাতাস।
৩৮। পূর্বঘাট ও পশ্চিমঘাট পর্বতের মধ্যে কোন্‌টি বেশি উঁচু ?
উঃ পশ্চিমঘাট পর্বত।
৩৯। পূর্ব ও পশ্চিম উপকূলের মধ্যে কোন্‌টি বেশি প্রশস্ত ?
উঃ পূর্ব উপকূল।
৪০। কোন্ উপকূলে অনেক ব-দ্বীপ দেখা যায় ?
উঃ পূর্ব উপকূল।
৪১। পূর্ব-উপকূলে উত্তর অংশটি কী নামে পরিচিত ? উঃ উত্তর সরকার উপকূল।
৪২। পূর্ব উপকূলের দক্ষিণ অংশটির নাম কী ? উঃ করমণ্ডল উপকূল।
৪৩। পশ্চিম উপকূলের উত্তরাংশের নাম কী ? উঃ কঙ্কণ উপকূল।
৪৪। পশ্চিম উপকূলের দক্ষিণাংশের নাম কী ? উঃ মালাবার উপকূল।
৪৫। কোন্ উপকূলে স্বাভাবিক বন্দর গড়ে উঠেছে ? উঃ পশ্চিম উপকূল।
৪৬। বঙ্গোপসাগরে অবস্থিত দ্বীপপুঞ্জের নাম কী ?
উঃ আন্দমান-নিকোবর দ্বীপপুঞ্জ।
৪৭। লক্ষদ্বীপ কোন সাগরে অবস্থিত ? উঃ আরবসাগর।
৪৮। সুন্দরবনের দক্ষিণ দিকে অবস্থিত একটি দ্বীপের নাম কর ?
উঃ সাগর দ্বীপ।

মূল্যায়ন—তিন   পূর্ণমান—২০   সময়—২০ মিনিট

[১] শূন্যস্থান পূরণ কর। ১×৫=৫

(ক) ——————————— অঞ্চলের অধিবাসীরা অত্যন্ত পরিশ্রমী ও সাহসী।

(খ) রাজস্থানের লুনী নদী কচ্ছের ——————————— পড়েছে।

(গ) ——————————— উপকূল সংকীর্ণ, ঢালু ও বদ্বীপ হীন।

(ঘ) ——————————— — মালভূমির আকার অনেকটা ত্রিভুজের মত।

(ঙ) পূর্ব উপকূলের দক্ষিণ অংশ ——————————— উপকূল নামে পরিচিত।

[২] অল্পকথায় উত্তর দাও: ১×৫=৫

(ক) হিমালয়ের কোন্ দিকে কারাকোরাম পর্বতশ্রেণী অবস্থিত ?

....

....

(খ) হিমাদ্রির গড় উচ্চতা কত ?

....

....

(গ) ভারত ও নেপাল সীমান্তে অবস্থিত হিমালয়ের একটি শৃঙ্গের নাম কর।

....

....

(ঘ) নেপাল-তিব্বত সীমান্তে অবস্থিত শৃঙ্গটির নাম কী ?

....

....

(ঙ) পূর্ব-পশ্চিমে গাঙ্গেয় সমভূমির দৈর্ঘ্য কত ?

....

....

[৩] সংক্ষেপে উত্তর দাও। ৩+২=৫

(ক) হিমালয়ের দক্ষিণ-পশ্চিম দিকে প্রসারিত তিনটি পর্বতশ্রেণীর নাম কর।

... ...

... ...

... ...

(খ) উত্তর ভারতের সমভূমির দক্ষিণ দিক থেকে কন্যা-কুমারিকা পর্যন্ত বিস্তৃত ? সমগ্র অঞ্চলটি কোন্ প্রাকৃতিক অঞ্চলের অন্তর্গত ?

... ...

... ...

... ...

[৪] বন্ধনীর মধ্য থেকে খুঁজে নিয়ে সঠিক উত্তরটি লেখ। ১×৫=৫

(ক) কোন পর্বত দ্বারা মধ্য ভারতের মালভূমি ও দাক্ষিণাত্যের মালভূমি পরস্পর বিচ্ছিন্ন হয়েছে ? ....

(আরাবল্লী, সাতপুরা, বিন্ধ্য, পশ্চিমঘাট)

(খ) কোন্ নদী উপত্যকা মধ্য ভারতের মালভূমির দক্ষিণ প্রান্ত হিসাবে গণ্য করা যায় ?

... .

(নর্মদা নদীর গ্রস্ত্য উপত্যকা, গাঙ্গেয় উপত্যকা, গোদাবরী উপত্যকা, ব্রহ্মপুত্র উপত্যকা)

(গ) মধ্য ভারতের মালভূমির পূর্বদিকে কোন্ মালভূমি অবস্থিত ? ... .

(ছোটনাগপুর মালভূমি, পামীর মালভূমি, দাক্ষিণাত্যের মালভূমি, মালব মালভূমি)

(ঘ) পশ্চিম উপকূলের তীরবর্তী সাগর কোনটি ? ....

(বঙ্গোপসাগর, আরবসাগর, ভারতমহাসাগর)

(ঙ) দাক্ষিণাত্য মালভূমির ঢাল কোন্ দিকে ? ....

(উত্তর দিকে, দক্ষিণ দিকে, পশ্চিম দিকে, পূর্ব দিকে)

প্রাপ্ত নম্বর [ ]

শিক্ষক/শিক্ষকার স্বাক্ষর..............................

তারিখ..

মূল্যায়ন—চার পূর্ণমান—২০ সময়—২০ মিনিট

[১] অল্প কথায় উত্তর দাও। ১×৫=৫

(ক) হিমালয় পর্বতমালা কোন্ দিকে বিস্তৃত ?

....

....

(খ) থর মরুভূমি কোথায় অবস্থিত ?

....

....

(গ) কোন্ নদী উপত্যকা মধ্য ভারতের মালভূমির দক্ষিণ প্রান্ত হিসাবে গণ্য করা যায় ?

....

....

(ঘ) ভারতের কোন্ উপকূলের সাগর অগভীর ?

....

... ...

(ঙ) ভারতের কোন্ দ্বীপপুঞ্জ সবচেয়ে বড় ?

... ...

... ...

[২] শৃঙ্গগুলির উচ্চতা কত ? ৪×১=৪


(ক) মাউণ্ট এভারেস্ট...............

(খ) গডউইন অস্টিন.... ....

(গ) কাঞ্চন জঙ্ঘা...............

(ঘ) দোদাবেতা...............

[৩] মানচিত্রে ভারতের প্রধান প্রাকৃতিক বিভাগগুলির সীমানা চিহ্নিত আছে। নম্বর অনুযায়ী বিভাগগুলির নাম লেখ। ১×৪ = ৪



১। ....

২। ....

৩। ....

৪। ....

[৪] এক কথায় উত্তর দাও। ১×৬ = ৬

(ক) ভারতের উত্তর-পশ্চিমে অবস্থিত পর্বতগ্রন্থিটির নাম কী? ....

(খ) হিমালয় পর্বতের সর্ব দক্ষিণের শ্রেণীর নাম কী? ....

(গ) ভারতের সর্বোচ্চ শৃঙ্গটি কোন্ পর্বতে অবস্থিত? ....

(ঘ) পৃথিবীর সর্বোচ্চ শৃঙ্গটির নাম কী? ....

(ঙ) হিমালয় পর্বত ভারতে কোন্ দিকে অবস্থিত? ....

(চ) নীলগিরির সর্বোচ্চ শৃঙ্গের নাম কী? ....

প্রাপ্ত নম্বর [ ] শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর..........

তারিখ..........

পাঠ ঃ তিন ॥ প্রধান প্রধান নদ–নদী

১। ভারতের নদ-নদগুলিকে প্রধানতঃ কী কী ভাগে ভাগ করা যায়?

উঃ উত্তর ভারতের নদ-নদী এবং দক্ষিণ ভারতের নদ-নদী।

২। উত্তর ভারতের প্রধান নদ-নদীগুলির নাম কর। উঃ গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধু।

৩। দক্ষিণ ভারতের পূর্ববাহিনী নদী কোন্‌গুলি?

উঃ মহানদী, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী।

৪। নর্মদা ও তাপি নদী কোন্ দিকে প্রবাহিত হয়েছে? উঃ পশ্চিমদিকে।

৫। গঙ্গা নদীর উৎপত্তি হয়েছে কোথা থেকে?

উঃ গঙ্গোত্রী হিমবাহের গোমুখ থেকে।

৬। গঙ্গা কোথায় সমভূমিতে প্রবেশ করেছে? উঃ হরিদ্বারের কাছে।

৭। সমভূমিতে গঙ্গা কোন্ দিকে প্রবাহিত? উঃ পূর্বে ও দক্ষিণ-পূর্বে।

৮। গঙ্গা কোথায় দু'টি অংশে বিভক্ত হয়েছে? উঃ পশ্চিমবঙ্গে।

৯। গঙ্গার সর্ব প্রধান উপনদী কোন্‌টি? উঃ যমুনা।

১০। গঙ্গার ডান তীরের উল্লেখযোগ্য নদীগুলির নাম কর। উঃ যমুনা, চম্বল, শোন।

১১। গঙ্গার বাম তীরের নদীগুলির নাম কর। উঃ গোমতী, ঘর্ঘরা, গণ্ডক, কোশী।

১২। গঙ্গা ও যমুনা কোথায় মিলিত হয়েছে? উঃ প্রয়াগ বা এলাহাবাদে।

১৩। গঙ্গার শাখা নদীগুলির নাম কর। উঃ জলঙ্গী, মাথাভাঙ্গা, ইছামতী প্রভৃতি।

১৪। পৃথিবীর সবচেয়ে বড় ব-দ্বীপ কোন্‌টি? উঃ গঙ্গা-ব্রহ্মপুত্র মেঘনার ব-দ্বীপ।

১৫। গঙ্গার তীরে উল্লেখযোগ্য শহরগুলির নাম কর।

উঃ কানপুর, বারাণসী, পাটনা, কলিকাতা প্রভৃতি।

১৬। ব্রহ্মপুত্র নদের উৎপত্তি স্থল কোথায়?

উঃ তিব্বতের দক্ষিণে মানসসরোবর রাক্ষসতাল হ্রদ।

১৭। ব্রহ্মপুত্র নদ তিব্বতে কী নামে পরিচিত? উঃ সাংপো।

১৮। অরুণাচল প্রদেশে ব্রহ্মপুত্র কী নামে অভিহিত? উঃ ডিহং।

১৯। পদ্মা ও ব্রহ্মপুত্রের মিলিত প্রবাহ কোথায় পড়েছে? উঃ বঙ্গোপসাগর।

২০। ব্রহ্মপুত্র বাংলাদেশে কী নামে পরিচিত? উঃ যমুনা।

২১। ব্রহ্মপুত্রের উপনদীগুলির নাম কর।

উঃ সুবর্ণশিরি, তিস্তা, তোর্সা, লোহিত, বরাক প্রভৃতি।

২২। ব্রহ্মপুত্রের তীরে অবস্থিত উল্লেখযোগ্য শহরগুলির নাম কর।

উঃ ডিব্রুগড়, তেজপুর, গৌহাটি প্রভৃতি।

২৩। সিন্ধু নদের উৎস কোথায় ?
উঃ তিব্বতের দক্ষিণে মানস-সরোবর—রাক্ষসতাল হ্রদ।
২৪। সিন্ধুনদ কোথায় পড়েছে ? উঃ আরবসাগর।
২৫। সিন্ধুনদের বেশির ভাগ অংশ কোন্ দেশের উপর দিয়ে প্রবাহিত ? উঃ পাকিস্তান।
২৬। সিন্ধুর উপনদীর সংখ্যা কত ? উঃ পাঁচটি।
২৭। সিন্ধুর উপনদীগুলির মধ্যে সবচেয়ে বড় কোন্‌টি ? উঃ শতদ্রু।
২৮। শতদ্রুর উপর কোন্ প্রকল্প পাঞ্জাবে শস্য ফলনে বিপ্লব এনেছে ?
উঃ ভাক্‌রা-নাঙ্গাল নদী প্রকল্প।
২৯। জম্মু ও কাশ্মীরের রাজধানী কোন নদীর তীরে অবস্থিত ?
উঃ বিতস্তা বা ঝিলাম।
৩০। মহানদী কোথা থেকে উৎপন্ন হয়েছে ? উঃ মধ্যপ্রদেশের মালভূমি অঞ্চল।
৩১। ভারতের বৃহত্তম নদী অববাহিকা কোন্‌টি ? উঃ গোদাবরী অববাহিকা।
৩২। মহানদীর তীরে অবস্থিত একটি উল্লেখযোগ্য শহরের নাম কর। উঃ কটক।
৩৩। কোন্ পর্বত থেকে গোদাবরীর উৎপত্তি হয়েছে ? উঃ পশ্চিমঘাট।
৩৪। কোন্ নদীকে দক্ষিণ ভারতের গঙ্গা বলা হয় ? উঃ গোদাবরী।
৩৫। গোদাবরীর উপনদীগুলির নাম কর। উঃ প্রাণহিতা, ইন্দ্রাবতী, মঞ্জীরা।
৩৬। গোদাবরীর ব-দ্বীপে অবস্থিত শহর কোন্‌টি ? উঃ রাজামান্দ্রী।
৩৭। কৃষ্ণা নদীর উৎপত্তিস্থল কোথায় ? উঃ পশ্চিমঘাট পর্বত।
৩৮। কৃষ্ণার তীরে অবস্থিত একটি শহরের নাম কর।
উঃ বিজয়ওয়াদা।
৩৯। কৃষ্ণার উপনদী কী কী ?
উঃ তুঙ্গভদ্রা, ঘাটপ্রভা, মুসী, ভীমা প্রভৃতি।
৪০। হায়দ্রাবাদ কোন্ নদীর তীরে অবস্থিত ? উঃ মুসী।
৪১। কাবেরীর উৎস কোথায় ?
উঃ পশ্চিমঘাট পর্বতের ব্রহ্মগিরি।
৪২। কাবেরীর উপনদীগুলির নাম কর।
উঃ সিমসা, অমরাবতী প্রভৃতি।
৪৩। কাবেরীর তীরে অবস্থিত একটি তীর্থক্ষেত্রের নাম কর।
উঃ তিরুচিরাপল্লী।
৪৪। গোদাবরী ছাড়া অপর কোন্ নদীকেও অনেকে দক্ষিণের গঙ্গা বলেন ? উঃ কাবেরী।

মূল্যায়ন—পাঁচ পূর্ণমান—২০ সময়—২০ মিনিট

[১] শূন্যস্থান পূরণ কর ঃ ১×৫=৫

(ক) মধ্যপ্রদেশের মালভূমি অঞ্চল থেকে .... নদীর উৎপত্তি।

(খ) পশ্চিমঘাট পর্বতের .... কাবেরীর উৎস।

(গ) .... র তীরে তিরুচিরাপল্লী পবিত্র তীর্থক্ষেত্র।

(ঘ) তাপির উৎপত্তি .... পর্বতে।

(ঙ) নর্মদা ও তাপি নদী .... উপসাগরে পড়েছে।

[২] পরপৃষ্ঠার মানচিত্র দেখে উত্তর দাও। ১×৫=৫

(ক) গঙ্গা নদী কোন্ কোন্ রাজ্যের উপর দিয়ে প্রবাহিত হয়েছে ?

... ...

... ...

(খ) ব্রহ্মপুত্র নদ কোন্ কোন্ দেশের উপর দিয়ে প্রবাহিত হয়েছে ?

... ...

... ...

(গ) গঙ্গার তীরে অবস্থিত দুটি শহরের নাম কর।

... ...

.... — ...

(ঘ) রাজস্থানের উপর দিয়ে প্রবাহিত নদীটির নাম কী ?


....

....

(ঙ) বঙ্গোপসাগরে পতিত হয়েছে এমন দুটি নদীর নাম কর।

....

....



[৩] কোন্‌টি প্রধান নদী, কোন্‌টি শাখা নদী ও কোনটি উপনদী তা ডান দিকে ফাঁকা জায়গায় লেখ। ১ × ৫ = ৫

(ক) গঙ্গা............................

(খ) তিস্তা............................

(গ) গোদাবরী............................

(ঘ) ঘর্ঘরা............................

(ঙ) জলঙ্গী........................

[৪] নদীগুলির দৈর্ঘ্য কত? ১ × ৫ = ৫

(ক) গঙ্গা........................

(খ) গোদাবরী....................

(গ) ব্রহ্মপুত্র ....


(ঘ) সিন্ধু........................

(ঙ) নর্মদা........................

প্রাপ্ত নম্বর

শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর..............................

তারিখ...


জব্বলপুর
নর্মদা
পশ্চিমবঙ্গ
কলিকাতা
মিজোরাম
মহানদী
ব্রহ্মদেশ
সুরাট
তাপী
মহারাষ্ট্র
কটক
ওড়িশা
গোদাবরী
রাজমুন্দ্রি
বিজয়ওয়াদা
কৃষ্ণা
গোয়া
অন্ধ্রপ্রদেশ
বঙেগাপসাগর
কর্ণাটক
আরব সাগর
কাবেরী
তামিলনাড়ু
আন্দামান ও
লাক্ষা ও
মিনিকয় দ্বীপপুঞ্জ
কেরালা
তিরুচিরাপল্লী
নিকোবর দ্বীপপুঞ্জ
শ্রীলঙ্কা

মূল্যায়ন—ছয় পূর্ণমান—২০ সময়—২০ মিনিট

[১] এককথায় উত্তর দাও। ১×৫=৫

(ক) কলিকাতা কোন্ নদীর তীরে অবস্থিত? …………

(খ) কোন্ নদীর মোহনায় সুরাট বন্দর অবস্থিত? …………

(গ) হরিদ্বার কোন্ নদীর তীরে অবস্থিত? …………

(ঘ) হায়দ্রাবাদ কোন্ নদীর তীরে অবস্থিত? ………

(ঙ) গৌহাটি কোন্ নদীর তীরে অবস্থিত? …………

[২] বন্ধনীর মধ্য থেকে বেছে নিয়ে শূন্যস্থান পূরণ কর। ১×৫=৫

(শতদ্রু, চম্বল, সুবর্ণশিরি, মুসী, প্রাণহিতা, অমরাবতী)

(ক) …………………… ব্রহ্মপুত্রের একটি উপনদী।

(খ) …………………… কৃষ্ণার একটি উপনদী।

(গ) …………………… গঙ্গার ডানতীরের একটি উপনদী।

(ঘ) …………………… কাবেরীর একটি উপনদী।

(ঙ) গোদাবরীর উপনদী গুলির মধ্যে ………… উল্লেখযোগ্য।

[৩] শূন্যস্থান পূরণ কর: ১×৫=৫

(ক) ব্রহ্মপুত্র নদ বাংলাদেশে ………… নামে প্রবাহিত।

(খ) গঙ্গা নদীর উৎস হিমালয়ের গঙ্গোত্রী হিমবাহের …………।

(গ) পার্বত্য অঞ্চলের মধ্য দিয়ে প্রবাহিত হয়ে গঙ্গা নদী …………………… কাছে সমভূমিতে পড়েছে।

(ঘ) গঙ্গা-ব্রহ্মপুত্র মেঘনার ………… পৃথিবীর মধ্যে সবচেয়ে বড়।

(ঙ) ………… নদীর মোহনা ব-দ্বীপ হীন।

[৪] নিচের নদীগুলি কোথায় পড়েছে তা ডানদিকের ফাঁকা স্থানে লেখ। ১×৫=৫

(ক) মহানদী……………………

(খ) তাপি……………………

(গ) লুনী……………………


(ঘ) সিন্ধু……………………

(ঙ) নর্মদা……………………

প্রাপ্ত নম্বর

শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর…………………………

তারিখ……………………………………


ভারত
(রাজনৈতিক)
০ ২০০ ৪০০ ৬০০
কিলোমিটার
চীন
তিব্বত
লাসা
সাংপো
নেপাল
কাঠমাণ্ডু
সিকিম
দার্জিলিং
ভুটান
হিমাচল প্রদেশ
মানস সরোবর
গিলগিট
জম্মু ও কাশ্মীর
লে
শ্রীনগর
জম্মু
কাবুল
ইসলামাবাদ
লাহোর
অমৃতসর
পাকিস্তান
সিমলা
চণ্ডীগড়
দেরাদুন
আলমোড়া
মীরাট
দিল্লী
নৈনীতাল
বেরিলি
মথুরা
আগ্রা
লক্ষ্ণৌ
গোরক্ষপুর
কানপুর
গোয়ালিয়র
ঝাঁসি
এলাহাবাদ
বারানসী
পাটনা
গয়া
বিহার
রাঁচি
আসানসোল
হাওড়া
কলিকাতা
জামসেদপুর
রৌরকেল্লা
সম্বলপুর
কটক
ভুবনেশ্বর
পুরী
বিকানীর
জয়শলমীর
জয়পুর
রাজস্থান
যোধপুর
আজমীর
আবু
গান্ধীনগর
আমেদাবাদ
কান্দালা
দ্বারকা
পোরবন্দর
ভবনগর
দিউ
দমন
মধ্য প্রদেশ
ভূপাল
ইন্দোর
কাটনি
বিলাসপুর
রায়পুর
ভিলাই
নর্মদা নং
তাপ্তী নং
নাগপুর
ঔরঙ্গাবাদ
নাসিক
বোম্বাই
পুনা
শোলাপুর
কোলাপুর
ওয়ারাঙ্গেল
হায়দ্রাবাদ
বিজয়ওয়াদা
বিশাখাপত্তনম
কাকিনাড
গুন্টুর
অন্ধ্র প্রদেশ
নেলোর
পানাজিম
গোয়া
সিমোগা
কোলার
বাঙ্গালোর
মাঙ্গালোর
পেরাম্বুর
মাদ্রাজ
সালেম
পণ্ডিচেরী
কোজিকোদে
ত্রিচিরাপল্লী
তাঞ্জোর
কোচিন
মাদুরাই
পকপ্রণালী
ত্রিবান্দ্রম
রামেশ্বরম
ত্রিঙ্কোমালী
কুমারিকা অঃ
শ্রীলঙ্কা
কলম্বো
লাক্ষা দ্বীঃপুঃ
(ভারত)
কাভারত্তী
(ভারত)
মাল দ্বীপ পুঃ
(ভারত)
আরব সাগর
বঙ্গোপ সাগর
ভারত মহাসাগর
শিলং
গৌহাটী
আসাম
নাগাল্যাণ্ড
কোহিমা
ইম্ফল
মণিপুর
অরুণাচল প্রদেশ
ডিব্রুগড়
আগরতলা
আইজল
মিজোরাম
ঢাকা
বাংলাদেশ
চট্টগ্রাম
ব্রহ্মদেশ
রেঙ্গুন
আন্দামান ও নিকোবর (ভারত)
পোর্টব্লেয়ার
১ মেঘালয়
২ ত্রিপুরা

দ্বিতীয় অধ্যায় ঃ ভারতের সম্পদ

পাঠ ঃ চার ॥ ● বিভিন্ন অঞ্চলের মাটি
● জলবায়ুর প্রভাব ও কৃষি

১। কোন্ কোন্ পদার্থের সংমিশ্রণে মাটি তৈরী হয়।
উঃ শিলাচূর্ণ ও জৈব পদার্থ।

২। কোন্ কোন্ জিনিসের তারতম্যে মাটির প্রকার ভেদ হয়?
উঃ শিলাস্তর, জলবায়ু ও ভূপ্রকৃতির তারতম্যে।

৩। পার্বত্য অঞ্চলের মৃত্তিকার বৈশিষ্ট্য কী?
উঃ নুড়ি, কাঁকড়, বালি প্রভৃতির জন্য মাটি মোটামুটিভাবে অনুর্বর।

৪। পার্বত্য অঞ্চলের মৃত্তিকায় কিসের চাষ ভাল হয়?
উঃ চা।

৫। উপাদানের ভিত্তিতে পলিমাটিকে কী কী শ্রেণীতে ভাগ করা যায়?
উঃ বেলেমাটি, দোঁআঁশ মাটি ও এঁটেল মাটি।

৬। যে মাটিতে বালির ভাগ বেশি থাকে তাকে কী মাটি বলে?
উঃ বেলেমাটি।

৭। বেলে মাটিতে কোন্ কোন্ ফসলের চাষ হয়?
উঃ জোয়ার, বাজরা, রাগি।

৮। দো-আঁশ মাটি কাকে বলে?
উঃ যে মাটিতে বালি ও কাদার ভাগ সমান সমান।

৯। দোঁ-আঁশ মাটিতে কোন্ কোন্ ফসলের চাষ হয়?
উঃ গম, আখ, তৈলবীজ, ধান।

১০। কোন্ মাটির জলধারণ ক্ষমতা সবচেয়ে বেশি?
উঃ এঁটেলমাটি।

১১। ঐ মাটিতে কিসের চাষ ভাল হয়?
উঃ ধান ও পাট।

১২। কালোমাটির অপর নাম কী?
উঃ রেগুর বা তুলামাটি।

১৩। ঐ মাটির প্রধান বৈশিষ্ট্য কী?
উঃ জলধারণের ক্ষমতা বেশি।

১৪। কোন ফসল চাষের জন্য এই মাটি খুবই উপযোগী ? উঃ কার্পাস।

১৫। কালো মাটিতে অন্যান্য আর কী কী ফসল উৎপন্ন হয় ?

উঃ ইক্ষু, তৈলবীজ, ধান প্রভৃতি।

১৬। লাল দো-আঁশ মাটিতে কোন্ কোন্ ফসল উৎপন্ন হয় ? উঃ ধান, আখ, তুলা।

১৭। ছোটনাগপুর মালভূমিতে কি রকম মাটি দেখা যায় ? উঃ ল্যাটেরাইট মাটি।

১৮। ঐ মাটির রঙ লাল কেন ? উঃ মাটিতে লোহার ভাগ বেশি বলে।

১৯। বালি ও লবণ সমৃদ্ধ মাটিকে কী মাটি বলে ? উঃ উপকূলের মাটি।

২০। উপকূলের মাটিতে কোন্ কোন্ গাছ জন্মায় ?

উঃ নারকেল, সুপারি, ঝাউ, সুন্দরী, গরান প্রভৃতি।

২১। ভালো জাতের ফসল বেশি পরিমাণে পেতে হলে কোন্ কোন্ জিনিসের প্রয়োজন ?

উঃ উপযুক্ত মাটি, উত্তাপ ও বৃষ্টিপাত।

২২। কোন্ কোন্ অবস্থার ভিত্তিতে বৈজ্ঞানিকেরা সমস্ত পৃথিবীকে বিভিন্ন জলবায়ু অঞ্চলে ভাগ করেছেন ?

উঃ উষ্ণতা, বৃষ্টিপাত, বাতাসের গতি প্রভৃতি।

২৩। ভারত কোন্ জলবায়ু অঞ্চলের অন্তর্গত ? উঃ মৌসুমী জলবায়ু অঞ্চল।

২৪। মৌসুমী জলবায়ুর প্রধান বৈশিষ্ট্য কী ? উঃ শুষ্ক শীত ও আর্দ্র গ্রীষ্ম।

২৫। আমাদের দেশে কোন্ কোন্ ঋতুর প্রভাব বেশি ? উঃ শীত, গ্রীষ্ম ও বর্ষা।

২৬। কোন্ ঋতুতে আবহাওয়া মোটামুটিভাবে আরামদায়ক ? উঃ শীতকাল ?

২৭। শীতকালে ভারতের উপর দিয়ে কোন্ বায়ু প্রবাহিত হয় ?

উঃ উত্তর-পূর্ব মৌসুমী বায়ু।

২৮। ভারতের কোন্ কোন্ অঞ্চলে বর্ষাকালে প্রচুর বৃষ্টি হয় ?

উঃ পশ্চিমঘাট পর্বতের পশ্চিম ঢালে এবং আসাম ও মেঘালয়ের পার্বত্য অঞ্চলে।

২৯। পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশি বৃষ্টি হয় কোথায় ? উঃ মৌসিনরামে।

৩০। ভারতে বৃষ্টির পরিমাণ পূর্ব থেকে পশ্চিমে ক্রমশঃ কমতে থাকে কেন ?

উঃ জলীয় বাষ্পের অভাব ও উত্তাপ বৃদ্ধির জন্য।

৩১। কোন্ রাজ্যে বৃষ্টির পরিমাণ সবচেয়ে কম ? উঃ রাজস্থান।

৩২। ভারতের একমাত্র মরুভূমিটি কোন্ রাজ্যে অবস্থিত ? উঃ রাজস্থান।

৩৩। এদেশে কৃষিজ ফসলকে মোটামুটি কটি ও কী কী ভাগে ভাগ করা যায় ?

উঃ তিনটি—খাদ্যফসল, তন্তু ফসল ও পানীয় ফসল।

৩৪। ধান, গম প্রভৃতি শস্য কোন্ জাতীয় ফসলের অন্তর্ভুক্ত ? উঃ খাদ্যফসল।

৩৫। দুটি পানীয় ফসলের নাম কর। উঃ চা ও কফি।

৩৬। পাট ও কার্পাস কী জাতীয় ফসল ? উঃ তন্তু ফসল।

****

মূল্যায়ন—সাত　　　পূর্ণমান—২০　　　সময়—২০ মিনিট

****

১। অল্প কথায় উত্তর দাও　　　১×৫=৫

ক) দাক্ষিণাত্য মালভূমি অঞ্চলে কোন্ কোন্ ধরনের মাটি দেখতে পাওয়া যায় ?

....

....

....

খ) ল্যাটেরাইট মৃত্তিকাতে কি কি ফসল জন্মায় ?

....

....

....

গ) গাছপালা খাদ্য সংগ্রহ করে কোথা থেকে ?

....

....

ঘ) মাটির রঙ ও উর্বরতা নির্ভর করে কিসের উপর ?

... ...

... ...

ঙ) পলি মৃত্তিকা কী ভাবে সৃষ্ট হয় ?

....

....

২। প্রতি প্রশ্নের ডান দিকে সম্ভাব্য উত্তরগুলি দেওয়া আছে। ঠিক উত্তরটির তলায় দাগ দাও।

ক) কোন্ মাটির জলধারণ ক্ষমতা কম ?　এঁটেল মাটি, দো-আঁশ মাটি, বেলেমাটি।

খ) কালো মাটির সর্বপ্রধান ফসল কী ?　কাপাস, চা, পাট।

গ) কফি কোন্ জাতীয় ফসল ? খাদ্য ফসল, পানীয় ফসল, তন্তু ফসল।

ঘ) কালো মাটি অন্য কী নামে পরিচিত ? রেগুর, ল্যাটেরাইট, দো-আঁশ।

ঙ) মোটামুটিভাবে অনুর্বর মৃত্তিকা কোন্‌টি ? কালোমাটি, দো-আঁশ মাটি, পার্বত্য মাটি।

৩। **শূন্যস্থান পূরণ কর ঃ** ১×৫=৫

ক) মৌসিম শব্দটি ———————— শব্দ।

খ) —————————— মাটিতে লোহার ভাগ বেশি থাকে।

গ) শুষ্ক শীত ও আদ্র গ্রীষ্ম — ——————— জলবায়ুর বৈশিষ্ট্য।

ঘ) —————————— সমগ্র ভারতে উত্তাপ যথেষ্ট কম থাকে।

ঙ) নারিকেল, সুপারী ইত্যাদি গাছ জন্মায় ———————— —— মাটিতে।

৪। **বন্ধনীর মধ্য থেকে খুঁজে নিয়ে সঠিক উত্তরটি লিখ।** ১×৫=৫

(মহারাষ্ট্র, ল্যাটেরাইট, দো-আঁশ, রেগুর, মেঘালয়, রাজস্থান)

ক) মৌসিনরাম কোন রাজ্যে অবস্থিত ? ....

খ) তুলামাটি আছে কোন রাজ্যে ? ....

গ) ছোটনাগপুর মালভূমিতে কেমন মাটি দেখা যায় ? ....

ঘ) বৃষ্টির পরিমাণ কোন্ রাজ্যে খুবই কম ? ....

ঙ) সম-পরিমাণ বালি ও কাদা থাকে কোন্ মাটিতে ? ....

প্রাপ্ত নম্বর [ ]

শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর ....

তারিখ..

মুল্যায়ন—আট　　পূর্ণমান—২০　　সময়—২০ মিনিট

১। সাধারণতঃ মাটি কত রকমের ও কী কী ? ১+৪=৫

....

....

....

....

....

....

২। নিচের ছকে বাঁ দিকে কতগুলি ফসলের নাম দেওয়া আছে। কোন্ মাটিতে ঐ ফসলগুলি ভালভাবে জন্মায় তা লেখ। ১×৫=৫

ফসল	যে মাটিতে ভালভাবে জন্মায়
(ক) পাট	
(খ) তুলা	
(গ) নারকেল	
(ঘ) রাগি	
(ঙ) ধান	
(চ) চা	

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ২×৩=৬

ক) শীতকালে ভারতের আবহাওয়া কী রকম থাকে ?

....

....

....

....

....

খ। রাজস্থানে বৃষ্টির পরিমাণ কম হওয়ার কারণ কী ?

....

....

....

....

গ) উত্তর ভারতের বিশাল সমভূমি অঞ্চলের সৃষ্টি হয়েছে কীভাবে ?

....

....

....

....

৫। শূন্যস্থান পূরণ কর: ১×৪=৪

ক) ——————— মাটিতে বালি ও লবণের ভাগ বেশি।

খ) ভারত – ——————— জলবায়ু অঞ্চলের অন্তর্গত।

গ) —————, জলবায়ু ও ভূ-প্রকৃতির তারতম্যের জন্য বিভিন্ন শ্রেণীর মাটি দেখা যায় ?

ঘ) ——————— এ পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশি বৃষ্টি হয়।

প্রাপ্ত নম্বর [ ]

শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর............................

তারিখ..

পাঠঃ পাঁচ ॥ কৃষিজ ফসল

১। ভারতীয়দের প্রধান খাদ্যশস্য কী কী ? উঃ ধান ও গম।

২। ধান উৎপাদনে কেমন মাটির প্রয়োজন ? উঃ উর্বর দো-আঁশ ও এঁটেল মাটি।

৩। কী পরিমাণ বৃষ্টিপাত ধান উৎপাদনের সহায়ক ? উঃ ১০০—২০০ সেমি।

৪। গ্রীষ্মের প্রারম্ভে বোনা হয় এবং বর্ষার শেষে কাটা হয় কোন ধান ? উঃ আউশ।

৫। কোন্ সময়ে আমন ধান রোপন করা হয় ? উঃ বর্ষা ঋতুতে।

৬। আমন ধান কাটা হয় কখন ? উঃ হেমন্ত কালে।

৭। শীতকালে রোপন করে গ্রীষ্মের প্রারম্ভে কাটা হয় কোন ধান ? উঃ বোরো ধান।

৮। ভারতের কোন্ কোন্ অঞ্চলে ধানের ফলন বেশি ?
উঃ উত্তর-পূর্ব ভারত ও উপকূলীয় সমভূমি।

৯। কোন্ কোন্ রাজ্য সেচের সাহায্যে ধান চাষে অগ্রণী ?
উঃ উত্তরপ্রদেশ, পাঞ্জাব ও হরিয়ানা।

১০। গম চাষের আদর্শ উষ্ণতা কত ? উঃ ১২—১৮ ডিগ্রী সেলসিয়াস।

১১। গম চাষের জন্য কী রকম বৃষ্টিপাত প্রয়োজন ? উঃ ৬০—১০০ সেমি।

১২। গম চাষে কেমন মাটির দরকার হয় ? উঃ উর্বর নরম কাদামাটি বা দো-আঁশ মাটি।

১৩। শুষ্ক ও মরুপ্রায় অঞ্চলের ফসল কী কী ? উঃ জোয়ার, বাজরা ও রাগি।

১৪। ঐ সব ফসল উৎপাদনে কী রকম তাপমাত্রা ও বৃষ্টিপাত প্রয়োজন ?
উঃ ২৪—২৭ ডিগ্রী সেলসিয়াস উষ্ণতা ও ৫০ সেমি বৃষ্টিপাত।

১৫। ভারতের কোন্ কোন্ অঞ্চলে জোয়ার, বাজরা ও রাগির চাষ হয় ?
উঃ উত্তর-পশ্চিম ভারতের রাজস্থান থেকে দাক্ষিণাত্য মালভূমির মধ্যভাগ পর্যন্ত।

১৬। উত্তর ও দক্ষিণ ভারতের মধ্যে কোথায় আখের চাষ বেশি হয় ? উঃ উত্তর ভারত।

১৭। আখ উৎপাদনে কী রকম উষ্ণতা দরকার ? উঃ ২১—২৭ ডিগ্রী সেলসিয়াস।

১৮। আখের ফলনে বৃষ্টিপাত কত হওয়া বাঞ্ছনীয় ? উঃ ১০০—২০০ সেমি।

১৯। আখ উৎপাদনে পৃথিবীতে ভারতের স্থান কী ? উঃ প্রথম।

২০। কোন্ কোন্ রাজ্যে ভাল আখের চাষ হয় ?
উঃ উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, বিহার, পাঞ্জাব, অন্ধ্রপ্রদেশ, পশ্চিমবঙ্গ।

২১। আখ থেকে কোন্ কোন্ দ্রব্য পাওয়া যায় ? উঃ গুড়, চিনি, মিছরি, খাণ্ডেসরি।

২২। তৈলবীজ উৎপাদনে পৃথিবীতে ভারতের স্থান কী ? উঃ প্রথম।

২৩। কয়েকটি তৈলবীজের নাম কর।
উঃ চীনাবাদাম, সরষে, তিল, তিসি, রেড়ি প্রভৃতি।

২৪। ভারতে কোন্ কোন্ রাজ্যে অধিক পরিমাণে তৈলবীজ উৎপন্ন হয় ?
উঃ গুজরাট, মহারাষ্ট্র ও মধ্যপ্রদেশ।

২৫। পাট চাষে কী রকম মৃত্তিকার প্রয়োজন ? উঃ উর্বর নবীন পলিমাটি।
২৬। পাট উৎপাদনে কেমন তাপমাত্রা ও বৃষ্টিপাত দরকার ?
উঃ ২৫—২৮ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা ও ২০০—২৫০ সেমি বৃষ্টিপাত।
২৭। পাট উৎপাদনে পৃথিবীতে ভারতের স্থান কি ? উঃ দ্বিতীয়।
২৮। ভারতে কোন্ কোন্ রাজ্যে পাট চাষ হয় ?
উঃ পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, উত্তরপ্রদেশ, ত্রিপুরা ও আসাম।
২৯। পাট থেকে কী কী প্রয়োজনীয় জিনিস তৈরী হয় ?
উঃ চট, থলে, দড়ি, ত্রিপল, কার্পেট, পর্দা ইত্যাদি।
৩০। কোন্ মাটিতে তুলা চাষ ভাল হয় ? উঃ কালোমাটি।
৩১। কোন্ অঞ্চলের মাটি কার্পাস মাটি নামে পরিচিত ?
উঃ দাক্ষিণাত্যের কালো মাটি অঞ্চল।
৩২। ভারতের কোন্ কোন্ রাজ্যে কার্পাস চাষ হয় ?
উঃ গুজরাট, মহারাষ্ট্র, পাঞ্জাব, হরিয়ানা, রাজস্থান, কর্ণাটক, তামিলনাড়ু ও মধ্যপ্রদেশ।
৩৩। কার্পাস চাষে কী রকম উষ্ণতা ও বৃষ্টিপাত প্রয়োজন ?
উঃ ২৪—২৭ ডিগ্রী সেণ্টিগ্রেড উষ্ণতা ও ৬০—১০০ সেমি বৃষ্টিপাত।
৩৪। বৈদেশিক মুদ্রা অর্জনকারী একটি ভারতীয় ফসলের নাম কর। উঃ পাট বা চা।
৩৫। চা উৎপাদনে পৃথিবীতে ভারতের স্থান কী ? উঃ প্রথম।
৩৬। চা চাষে কেমন উষ্ণতা আবশ্যক ? উঃ ২৪—২৭ ডিগ্রী সেলসিয়াস।
৩৭। কেমন জমিতে চায়ের চাষ হয় ?
উঃ পাহাড়ের ঢালে ও লোহার ভাগ বেশি এমন দো-আঁশ মাটিতে।
৩৮। চা উৎপাদনের অনুকূল তাপমাত্রা ও বৃষ্টিপাতের পরিমাণ কত ?
উঃ ২৪—২৭ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা ও ২০০—২৫০ সেমি বৃষ্টিপাত।
৩৯। কোন্ অঞ্চলের চা পৃথিবী বিখ্যাত ? উঃ দার্জিলিং।
৪০। আসাম ও পশ্চিমবঙ্গ ছাড়া ভারতে আর কোথায় কোথায় চা উৎপন্ন হয় ?
উঃ নীলগিরি অঞ্চল, ত্রিপুরা, ছোটনাগপুর, দেরাদুন, কাংড়া উপত্যকা।
৪১। ভারতের কোন্ কোন্ রাজ্যে কফি উৎপন্ন হয় ?
উঃ কর্ণাটক, কেরালা, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ।
৪২। কফি চাষে কেমন মৃত্তিকার প্রয়োজন ?
উঃ লৌহকণা মেশানো নাইট্রোজেন সমৃদ্ধ ঢালু মৃত্তিকা।
৪৩। কফি চাষে বৃষ্টিপাতের পরিমাণ কত হওয়া দরকার ? উঃ ১৫০—২০০ সেমি।
৪৪। কফি চাষে তাপমাত্রা কত হওয়া দরকার ? উঃ ১৫—৩০ ডিগ্রী সেলসিয়াস
৪৫। যব, ভুট্টা ও ডাল কোন্ শ্রেণীর ফসলের অন্তর্গত ? উঃ খাদ্যফসল।

মূল্যায়ন—নয় পূর্ণমান—২০ সময়—২০ মিনিট

১। সংক্ষেপে উত্তর দাও ঃ ১×৫=৫

ক) ঋতুকালীন ফসল হিসাবে ধানকে কী কী ভাগে ভাগ করা যায় ?

... ...

... ...

খ) ধান থেকে কী কী খাদ্যদ্রব্য তৈরী হয় ?

... ...

... ...

গ) আখ চাষে কি রকম সময় লাগে ?

....

... ...

ঘ) গম থেকে কোন্ কোন্ খাদ্য দ্রব্য পাওয়া যায় ?

....

....

ঙ) ভারতের শুষ্ক ও মরুপ্রায় অঞ্চলের খাদ্যফসল কী কী ?

....

....

২। নিচের ছকটিতে বাঁ দিকে কতগুলি ফসলের নাম দেওয়া আছে। ডানদিকের ফাঁকা জায়গায় ঐসব ফসল উৎপাদনে ভারতের প্রথম স্থানাধিকারী রাজ্যটির নাম লিখবে।

ফসলের নাম	প্রথম স্থানাধিকারী রাজ্য
(ক) চা	
(খ) পাট	
(গ) ধান	
(ঘ) ইক্ষু	
(ঙ) গম	

